BSRM
the ultimate steel

Xtreme talk

www.bsrm.com/newsletter
সংখ্যা ১১ | সেপ্টেম্বর, ২০১৪

সম্পাদকীয়

ঈদ মোবারক। আমরা আমাদের সম্মানিত গ্রাহক, পরিবেশক, ভেন্ডর, পৃষ্ঠপোষক এবং তাদের পরিবারের সবার প্রতি জানাচ্ছি ঈদের শুভেচ্ছা। আমাদের বাংলাদেশসহ বিশ্বের সকল মুসলিম উম্মাহর জন্য রমজান অত্যন্ত তাৎপর্যময় একটি মাস। ধর্মীয় ভাবগাম্ভীর্যের পাশাপাশি ঈদকে ঘিরে এই মাস জুড়ে বিরাজ করে উৎসবেরও আবহ। মুখরোচক ইফতার এবং বিপুল উৎসাহ উদ্দীপনায় রোজা পূর্ণ করার বিষয়টি মুসলিম সমাজের একটি ঐতিহ্য হয়ে দাঁড়িয়েছে। ইফতারকে ঘিরে মানুষ অনেক বেশি সামাজিক হয়ে ওঠে, একজন আরেকজনের নৈকট্য পায়। ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোও তাদের সম্মানিত গ্রাহক, শুভানুধ্যায়ী, ভেন্ডর এবং ব্যবসায়িক পার্টনারদের সম্মান জানাতে জাকজমকপূণভাবে আয়োজন করে ইফতার পার্টির। কোম্পানীর পক্ষ থেকে সকল কর্মকর্তা-কর্মচারীদের নিয়ে দেশের প্রধান শহরগুলোতে সারা মাসব্যাপী থাকে অসংখ্য ইফতার পার্টির আয়োজন। এক মাসের দীর্ঘ সিয়াম সাধনার পর আসে আনন্দ উল্লাস ও উৎসবের আমেজে ভরা ঈদ উল-ফিতর। যা শিশু-কিশোরসহ সকল শ্রেণীপেশার মানুষের জন্য বয়ে আনে বিপুল আনন্দ। আর সবার মতো বিএসআরএমও রমজান এবং ঈদ আনন্দ উদযাপন করে যথাযথ ভাবগাম্ভীর্যতা এবং উৎসাহ-উদ্দীপনার সাথে।

সিএসআর কার্যক্রম এবং অভূতপূর্ব সাফল্যের জন্য বিএসআরএম বিশেষভাবে সম্মানিত

গত ২৮ মে ২০১৪ তারিখে র‍্যাডিসন হোটেল ঢাকায় আয়োজিত ৫ম এসসিবিএফই (SCB-FE) কর্পোরেট সোশ্যাল রেসপনসিবলিটি (সি এস আর) অ্যাওয়ার্ড অনুষ্ঠানে অংশগ্রহণকারীদের সাথে মাননীয় অর্থমন্ত্রী এএমএ মুহিত (বাম থেকে ৫ম), বাংলাদেশ ব্যাংকের গভর্নর ড: আতিউর রহমান (ডান থেকে ২য়), ফিন্যান্সিয়াল এক্সপ্রেসের সম্পাদক মোয়াজ্জেম হোসেন (বাম থেকে ৪র্থ), বিএসআরএম গ্রুপ-এর চেয়ারম্যান আলিহুসাইন আকবরআলি (বাম থেকে ৩য়) এবং স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাংক-এর সিইও জিম ম্যাক ক্যাবে (সর্বডানে)। বিএসআরএম তার সিএসআর কার্যক্রমের অধীনে নারীর ক্ষমতায়নের লক্ষ্যে ১০০ জন নারীর কর্মসংস্থানের ব্যবস্থা করে। এছাড়াও ৩০০ পরিবারের জন্য নিরাপদ পানির সরবরাহ করা এবং সিলেটের সুবিধা বঞ্চিত ৪০টি পরিবারের জন্য সৌরশক্তির ব্যবস্থা করায় বিএসআরএম এই অ্যাওয়ার্ড লাভ করে।

'ঢাকা যে কোন সময় বড় ধরনের ভূমিকম্পের সম্মুখীন হতে পারে– বললেন বিএসআরএম সেমিনারে উপস্থিত বিশেষজ্ঞগণ, আহবান জানালেন সবাইকে দায়িত্বের সাথে তা মোকাবেলা করার।

গত ১২ জুন আন্তর্জাতিক ভূমিকম্প দিবসে রাজধানীর ডেইলি স্টার সেন্টারে বিএসআরএম আয়োজিত সেমিনারের বিষয়বস্তু ছিল 'গত দুই দশকে বাংলাদেশে ভূমিকম্প সংক্রান্ত গবেষণা এবং কার্যক্রম।' এ-বিষয়ের উপর বক্তব্য রাখেন বাম থেকে, জিএম জয়নাল আবেদিন ভূইয়া, রাজউক চেয়ারম্যান; প্রফেসর এএমএম তৌফিকুল আনোয়ার, ডিপার্টমেন্ট হেড, সিভিল ইনজিনিয়ারিং, বুয়েট এবং প্রফেসর মেহেদি আহমেদ আনসারি, সিভিল ইঞ্জিয়ারিং, বুয়েট।

ফ্যাটিগ প্রপার্টীরজ অব ষ্টীল-এর উপর বিএসআরএম-এর টেকনিক্যাল সেমিনার সেশন অনুষ্ঠিত

কনস্ট্রাকশনের গুণগতমান নিশ্চিত করতে স্টীলের ফ্যাটিগ পরীক্ষার প্রয়োজনীয়তা জনমানুষের কাছে পৌছে দিতে বিএসআরএম রাজধানী ঢাকায়"ফ্যাটিগ প্রপার্টীজ অব ষ্টীল" এই বিষয়বস্তুর উপর টেকনিক্যাল সেমিনার সেশনের আয়োজন করে। এই সিরিজ সেমিনারের যাত্রা শুরু হয়েছিল রূপসী বাংলা, ঢাকায় গত ১২ এপ্রিল অনুষ্ঠিত ১ম সেমিনারের মধ্য দিয়ে । এরপর ১৯ এপ্রিল স্পেকট্রা কনভেনশন সেন্টারে আরো একটি এবং ১৮ মে ম্যারিয়ট কনভেনশন সেন্টার-এ শেষ সেমিনার অনুষ্ঠিত হওয়ার মধ্য দিয়ে তা সম্পন্ন হয়।

সেমিনারগুলোয় বক্তাগণ কন্সট্রাকশন কাজে ফ্যাটিগ পরীক্ষিত স্টীল ব্যবহারের বিষয়ে গুরুত্ব আরোপ করেন। উন্নত বিশ্বে স্টীলের গুণগতমান নিশ্চিত করতে ফ্যাটিগ পরীক্ষা একটি বহুল ব্যবহৃত পদ্ধতি। সেমিনারে উপস্থিত ছিলেন বিএসআরএম-এর উচ্চপদস্থ কর্মকর্তাগণ, বুয়েটের প্রফেসরগণ এবং বিভিন্ন সরকারি এবং বেসরকারি প্রতিষ্ঠান যেমন এলজিইডি, পিডব্লিউডি, আরএইচডি, এমইএস এবং ইসিবি-তে কর্মরত ইঞ্জিনিয়ারগণ। এই অনুষ্ঠানকে সফল করতে আরো উপস্থিত ছিলেন দেশের বিভিন্ন কনস্ট্রাকশন ফার্মগুলোতে নিযুক্ত উচ্চপদস্থ কর্মকর্তাবৃন্দ।

সেরা অ্যানুয়াল রিপোর্ট উপস্থাপন-এর জন্য সাফার (SAFA) পক্ষ থেকে বিএসআরএম স্টীলস-এর পুরস্কার লাভ

গত ৩ মার্চ ২০১৪ তারিখে পাকিস্তানের ইসলামাবাদে সেরা অ্যানুয়াল রিপোর্ট ২০১২-এর জন্য সাউথ এশিয়ান ফেডারেশন অফ অ্যাকাউন্টেন্স (সাফা)-এর নিকট থেকে বিএসআরএম স্টীলস-এর পক্ষে সার্টিফিকেট অফ মেরিট গ্রহণ করেন মোহাম্মদ রেজাউল কবীর এফসিএ, হেড অফ অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স।

বিএসআরএম-এর আইআইইউসি বিজনেস অ্যাওয়ার্ড ২০১৪ গ্রহণ

বাংলাদেশের স্টীল ইন্ডাস্ট্রির উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য বিএসআরএম গ্রুপ অফ কোম্পানীকে ইন্টারন্যাশনাল ইসলামিক ইউনিভার্সিটি, চট্টগ্রাম (আইআইইউসি) 'আইআইইউসি বিজনেস অ্যাওয়ার্ড-২০১৪' প্রদান করে ।

২০ মে ২০১৪ তারিখে, হোটেল আগ্রাবাদ, চট্টগ্রাম-এ সন্ধ্যা ৭ টায় অনুষ্ঠিত গ্র্যাজুয়েট প্রোগ্রাম ওরিয়েন্টেশন অ্যান্ড অ্যাওয়ার্ডিং অনুষ্ঠানে আইআইইউসি-এর মাননীয় উপাচার্য প্রফেসর ড. একেএম আজহারুল ইসলামের কাছ থেকে বিএসআরএম গ্রুপের পক্ষে আমীর আলিহুসাইন, ম্যানেজিং ডিরেক্টর এই পুরস্কার গ্রহণ করেন।

আমীর আলিহুসাইন উক্ত অনুষ্ঠানে বলেন যে, সর্বোৎকৃষ্ট মানের স্টীল উৎপাদন এবং বাজারজাত করতে বিএসআরএম নতুনভাবে স্থাপন করেছে অত্যাধুনিক প্রযুক্তি ও সুযোগ সুবিধা সম্বলিত মর্ডান প্রোডাকশন প্ল্যান্ট এবং নানা ইউনিটে করেছে বিশাল বিনিয়োগ। বিএসআরএম-এর এই নতুন প্রজেক্ট. স্টীলের উৎপাদন বাড়ানোর সাথে সাথে আরো প্রায় ১০০০ লোকের কর্মসংস্থানের ব্যবস্থা করবে। এভাবে আগামী বছরগুলোতেও বিএসআরএম বাংলাদেশের অর্থনীতিতে রাখবে গুরুত্বপূর্ণ অবদান ।

ট্রান্সফরমেশনের মাধ্যমে চেইঞ্জ

ভূমিকা

চেইঞ্জ দ্বারা ক্ষতিগ্রস্ত লোকজনদের অবশ্যই প্রাতিষ্ঠানিক পরিবর্তনের ব্যাপারে সম্মত হতে হবে অথবা অন্তত পরিবর্তনের প্রয়োজনীয়তা বুঝে তার পরিকল্পনা ও বাস্তবায়নের কাজে জড়িত হতে হবে। একটি প্রতিষ্ঠানের পরিবর্তন আনার ক্ষেত্রে স্পর্শকাতর বিষয়গুলোর পরিচালনা করতে মুখোমুখি আলোচনাই হলো সবচেয়ে পছন্দনীয় স্ট্র্যাটেজি।

চেইঞ্জ-এর পথে বাধা

চেইঞ্জ বেশিরভাগ লোকের জন্যই সহজে গ্রহণযোগ্য নয়, কিন্তু যখন একটি প্রতিষ্ঠানের সবাইকে এই 'চেইঞ্জ'-এর মুখোমুখি হতে হয় তখন সবাই ম্যানেজমেন্ট-এর পক্ষ থেকে শক্তি, সহায়তা এবং দিকনির্দেশনা পাওয়ার প্রত্যাশা করে। লীডারকে সর্বপ্রথম 'চেইঞ্জ'- কে সাগ্রহে গ্রহণ করে নিতে হয়। এর পর আসে অন্যদের দিকে চ্যালেঞ্জ ছুঁড়ে দেওয়ার পালা এবং সবশেষে সবাইকে নতুন এই পরিবর্তন সম্পর্কে প্রেরণা যুগিয়ে সবার কাছে তার গ্রহণযোগ্যতা সৃষ্টি করতে হয়। যখন অন্যদের মধ্যে 'চেইঞ্জ' সম্পর্কে ইতিবাচক ধারণা দেয়া হয় সেক্ষেত্রে অবশ্যই ঐক্যবদ্ধ মনোভাব থাকা উচিত।

ফলাফল

বড় কোনো চেইঞ্জ প্রোগ্রামের লীডারগণদের অবশ্যই ট্র্যানজিশনের সময় অতিরিক্ত দায়িত্বের সাথে এমনভাবে কাজ করতে হয় যেন নিজেরাই 'চেইঞ্জ' হয়ে পুরো প্রতিষ্ঠানকে ট্রান্সফরমেশনের দিকে অগ্রসর করতে পারে। এবং এরকম হতে হলে শুধুমাত্র পরোক্ষ হয়ে কাজ না করে লীডারদের নিজ নিজ স্থানে প্রভাব বিস্তার করে সকল কার্যক্রম সঠিকভাবে নিয়ন্ত্রণ করা প্রয়োজন।

বিএসআরএম এবং দ্য ডেইলি স্টারের যৌথ উদ্যোগে 'খাদ্যে ভেজাল' শীর্ষক গোলটেবিল বৈঠক

গত ১২ জুলাই ২০১৪ তারিখে ঢাকাস্থ ডেইলি স্টার সেন্টারে বিএসআরএম ও দ্যা ডেইলি স্টার সম্মিলিতভাবে বর্তমান সময়ের বহুল আলোচিত বিষয় 'খাদ্যে ভেজাল শীষক এক গোলটেবিল বৈঠকের আয়োজন করে। ড. তাহমিদ আহমেদ, ডিরেক্টর, সেন্টার ফর নিউট্রিশন অ্যান্ড ফুড সিকিউরিটি, আইসিডিডিআরবি 'খাদ্যে ক্ষতিকারক রাসায়নিক দ্রব্য, স্বাস্থ্য সমস্যা' শীর্ষক কীনোট বক্তব্য উপস্থাপন করেন। সংবাদ মাধ্যম, সরকারি প্রতিষ্ঠান, শিক্ষা বিভাগ ছাড়াও অন্যান্য পেশার ২৫ জন গুরুত্বপূর্ণ সদস্য এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের মডারেটর সালেহউদ্দিন আহমেদ, ম্যানেজিং এডিটর, দ্যা ডেইলি স্টার এবং অন্যান্য অংশগ্রহণকারীরা এ অনুষ্ঠান আয়োজন এবং সার্বিক সহায়তা প্রদানের জন্য বিএসআরএম-কে ধন্যবাদ জ্ঞাপন করেন।

মে দিবস, ২০১৪-এ স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি

এ বছর মে দিবসে বিএসআরএম শ্রমিক কর্মচারী লীগ এবং সন্ধানী, চট্টগ্রাম মেডিকেল কলেজ ইউনিট যৌথভাবে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির আয়োজন করে। বিএসআরএম-এর ম্যানেজিং ডিরেক্টর আমীর আলিহুসাইন এ অনুষ্ঠানের উদ্বোধন করেন। বিএসআরএম গ্রুপ অফ কোম্পানিজ-এর ফিন্যান্স ডিরেক্টর জোহায়ের তাহেরালি, এক্সিকিউটিভ ডিরেক্টর তপন সেনগুপ্ত, এইচআর-এর গ্রুপ হেড জামিল আহমেদ, কোম্পানীর পক্ষে আরো অনেক উচ্চপদস্থ কর্মকর্তাসহ সিবিএ প্রেসিডেন্ট এবং সেক্রেটারি এ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। এই প্রোগ্রাম থেকে সর্বমোট ৫০ ব্যাগ রক্ত সংগৃহীত হয়।

কর্পোরেট ইফতার ২০১৪

রমজানের পবিত্রতা এবং মাহাত্ম্য সারা দেশে ছড়িয়ে দিতে দেশের সকল বিভাগীয় শহর এবং জেলাগুলোতে সকল স্থানীয় ইঞ্জিনিয়ার, ডেভেলপার, ব্যাংকার, সরকারি কর্মকর্তাবৃন্দ, ডিলার এবং সমাজের গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গদের নিয়ে বিএসআরএম আয়োজন করেছে ইফতার মাহফিল ২০১৪। এ অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন বিএসআরএম গ্রুপের উচ্চপদস্থ কর্মকর্তাগণ ও সেলস টিম-এর সদস্যগণ।

শিক্ষা ও পেশাগত অর্জনের জন্য অভিনন্দন!

বিএসআরএম পরিবারের সদস্য মো: জাকারিয়া জামাল– হেড অফ সাপোর্ট ফাংশন এন্ড (SHE)– বিএসআরএম আয়রণ এন্ড স্টিল, মোহাম্মদ জাবুল হোসেন–বিএসআরএম স্টিল-এর অ্যাডমিন এবং ফেসিলিটিজ প্রধান, মো: হাসনাইন আরাফাত–কর্পোরেট এইচআর-এর এইচআর অপারেশন টিম মেম্বার, কাজী সাইফুর রহমান–টিম মেম্বার ফেসিলিটিজ সার্ভিস এন্ড মেইনটেনেন্স অফ কর্পোরেট অ্যাডমিনিস্ট্রেশন; অত্যন্ত কৃতিত্বের সাথে বাংলাদেশ ইন্সটিটিউশন অফ ম্যানেজমেন্ট (BIM), চট্টগ্রাম থেকে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা সম্পন্ন করেছে।

বিএসআরএম তাদের কৃতিত্বে গর্বিত এবং মনে করে যে, তাদের অর্জিত শিক্ষা কোম্পানির ভবিষ্যত সাফল্যে ভূমিকা রাখবে।

বিএসআরএম গ্রুপ-এর সিএফও এবং কোম্পানি সেক্রেটারি শেখর রঞ্জন করের কন্যা সৃজনী কর ২০১৪ সালের এস.এস.সি পরীক্ষায় ক্যান্টনমেন্ট ইংলিশ স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম থেকে অংশ নিয়ে গোল্ডেন জিপিএ লাভ করে কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়েছে।

তাকে অভিনন্দন।

বিএসআরএম-এর সিএফও মো: হাবিব উল্লাহ-র কন্যা তাসনিম জান্নাত ২০১৪ সালের এস.এস.সি পরীক্ষায় বাংলাদেশ মহিলা সমিতি গার্লস হাই স্কুল এন্ড কলেজ, চট্টগ্রাম থেকে অংশ নিয়ে গোল্ডেন জিপিএ লাভ করে কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়েছে।

তাকে অভিনন্দন।

বিএসআরএম স্টীল-এর এইচআর এন্ড আইআর প্রধান মিফতাহুল হুদা শরীফির পুত্র মেহরাজ সিয়াম সিদ্দিকী বাংলাদেশ এলিমেন্টারি স্কুল, চট্টগ্রাম থেকে ২০১৪ সালের এস.এস.সি পরীক্ষায় অংশ নিয়ে গোল্ডেন জিপিএ লাভ করে কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়েছে।

তাকে অভিনন্দন।

বিএসআরএম (এমএমডব্লিউ)-এর স্টোর টিম মেম্বার এস. এম মশিউর রহমানের কন্যা সুমাইয়া আসমা সিনথিয়া ২০১৪ সালের এস.এস.সি পরীক্ষায় চট্টগ্রাম গভর্নমেন্ট গার্লস হাই স্কুল, চট্টগ্রাম থেকে অংশ নিয়ে গোল্ডেন জিপিএ লাভ করে কৃতিত্বের সঙ্গে উত্তীর্ণ হয়েছে।

তাকে অভিনন্দন।

সেলস এক্সিলেন্সের ওপর প্রশিক্ষণ

বিএসআরএম পণ্য বিক্রয়ে গতি আনার উদ্দেশে বিএসআরএম-এর আয়োজনে সম্প্রতি 'সেলস এক্সিলেন্স' শীর্ষক দু'দিন ব্যাপী এক প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করা হয়। মোট ৩টি সেশনে অনুষ্ঠিত হয় এই কর্মশালা। শোভন এম. শাহাবুদ্দিন– হেড অফ ন্যাশনাল সেলস, এম. ফিরোজ– হেড অফ মার্কেটিং এন্ড প্রোডাক্ট ডেভলপমেন্ট, নিজামুল হক– প্ল্যান্ট হেড, বিএসআরএম (এসএমডব্লিউ), তুহিন শুভ্র চৌধুরী– হেড অফ প্রোডাকশন এণ্ড মেইনটেন্স–বিএসআরএমআরআইএল এবং মো: কাওনাইন সাকিব– ইন-চার্জ ট্রেনিং এণ্ড ডেভেলপমেন্ট কর্পোরেট প্রমুখের অংশগ্রহণে কর্মশালাটি প্রাণবন্ত হয়ে ওঠে।

বিএসআরএম সোলার হাউজ সিস্টেম(SHS) প্রকল্পের উদ্বোধনী অনুষ্ঠান

মিসেস তেহষীন জোহায়ের বিএসআরএম ডিরেক্টর গত ২৮ জুন ২০১৪ তারিখে বিএসআরএম-এর সোলার হাউজ সিস্টেম প্রকল্পের শুভ উদ্বোধন করেন। মিসেস রুহি এম. আহমেদ, হেড অফ সিএসআর পিআর এণ্ড কম, এনজিওর প্রতিনিধি এবং স্থানীয় ইউনিয়ন পরিষদের প্রতিনিধি এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বিএসআরএম-এর সোলার হাউজ সিস্টেম প্রকল্পটি এরমধ্যেই বিনামূল্যে আদর্শগ্রাম, জৈন্তাপুর, সিলেটের ৪০টি বাড়িতে পৌঁছে দিয়েছে আলোর ঠিকানা। বিএসআরএম-এর এই প্রকল্পটি বেছে নেওয়ার কারণ হলো, যাদের বাড়িতে সরকারি সুবিধায় বিদ্যুতের আলো পৌঁছাতে পারে না, সেই সমস্ত দরিদ্র মানুষের কাছে এই সৌর আলো পৌঁছে দেওয়া।

চট্টগ্রাম স্পিকার্স ক্লাবের দেড়শ-এর পথে যাত্রা!

মাত্র ৪ বছরে ১৪৯টি মিটিং সম্পন্ন করে চট্টগ্রাম স্পিকারস ক্লাব একটি ট্রেন্ড-সেটারে পরিণত হতে চলেছে। এটি বাংলাদেশের প্রথম একটি কোম্পানির ক্লাব যারা টোস্টমাস্টার ইন্টারন্যাশনাল (টিএমআই)-এর স্বীকৃতি অর্জন করেছে।

১. টিএমআই হলো ১৯৪২ সালে ক্যালিফোর্নিয়ায় প্রতিষ্ঠিত একটি নন-প্রফিটেবল শিক্ষামূলক প্রতিষ্ঠান যারা জনগণকে শিক্ষা দেয় কথা বলা এবং লিডারশিপ দক্ষতা অর্জনে। যাদের বিস্তৃত নেটওয়ার্ক রয়েছে ১২২ টি দেশের ১৪,৩৫০টি ক্লাবকে ঘিরে।

২. একটি টোস্টমাস্টার মিটিং হলো ওয়ার্কশপে একের মাধ্যমে আরেকজনের শিক্ষালাভ, যেখানে থাকে না কোনো ইন্সট্রাক্টর। অংশগ্রহণকারীরাই একজন আরেকজনের মূল্যায়ন করেন। এই প্রক্রিয়াটিই হলো এই কার্যক্রমটির সাফল্যের রহস্য।

৩. মিটিংয়ে অংশগ্রহণকারীগণ নির্ধারিত বিষয়ের ওপর গুরুত্বপূর্ণ অভিভাষণ রাখেন। চট্টগ্রাম স্পিকার্স ক্লাব (সিএসসি)-এর আটজন সদস্য ইতিমধ্যেই কমপিটেন্ট কমিউনিকটর (সিসি) অ্যাওয়ার্ড অর্জন করেছেন এবং এরমধ্যে তাদের অ্যাডভান্স ম্যানুয়াল তৈরি শুরু করেছেন। এই কার্যক্রমে সবচেয়ে বড় লাভ যেটি হয়েছে তা হলো, এর সদস্যরা ক্রমাগত নিজেদের উন্নয়ন করতে পারছেন, যার ফলে দৃঢ় হচ্ছে তাদের আত্মবিশ্বাস– যার মূলমন্ত্র হলো আত্মবিশ্বাস: স্বপ্ন দেখোনা, নিজেকে সেখানে দেখো।

ইউপিপিআর এবং বিএসআরএম-এর মধ্যে এমওইউ চুক্তি স্বাক্ষর

শহরাঞ্চলের দারিদ্র নিরসন-কল্পে বিএসআরএম টিম, জাতিসংঘের উন্নয়ন কর্মসূচি (ইউএনডিপি)-এর সঙ্গে সম্পৃক্ত হলো। গত ২০ মে ২০১৪ তারিখে ইউএনডিপি প্রজেক্ট হেড অফিস ঢাকার আগারগাঁওয়ে এ বিষয়ে দু' পক্ষের মধ্যে মেমোরেন্ডাম অফ আন্ডারস্ট্যান্ডিং (এমওইউ) চুক্তি স্বাক্ষরিত হয়।

শহরাঞ্চলে দারিদ্র নিরসনের এই প্রকল্পটি মূলত ইংল্যান্ডের একটি সহযোগিতামূলক প্রজেক্ট, যাদের সহযোগিতা গ্রহণ করে ইউএনডিপি শহরের ৩ লক্ষ গরিব জনসাধারণ বিশেষ করে নারী এবং শিশুর জীবন এবং জীবনধারায় ইতিবাচক পরিবর্তন আনতে ভূমিকা রেখেছে।

ইউপিপিআর (UPPR)-র ন্যাশনাল প্রজেক্ট ডিরেক্টর আবদুর রশিদ খান, ইউআরআরপি ইন্টারন্যাশনাল প্রোগ্রাম ম্যানেজার পার ওলফ বার্টলসন, ইউআরআরপি/ ইউএনডিপি ইন্টারন্যাশনাল দারিদ্র বিমোচন বিশেষজ্ঞ কিশোর কুমার সিং, এক্সট্রিম পভার্টি এক্সপার্ট স্বপ্ন কুমার সূত্রধর, আরবান ফুড প্রোডাকশন কো-অর্ডিনেটর আবুল হোসেন, বিএসআরএম হেড অফ কর্পোরেট অ্যাফেয়ার্স কাজী আনোয়ার আহমেদ, বিএসআরএম হেড অফ সিএসআর, পিআর এন্ড কমিউনিকেশন মিসেস রুহি এম আহমেদ এই এমওইউ চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

ইউআরআরপি এবং বিএসআরএম যৌথভাবে চট্টগ্রাম শহরের জালালাবাদ অঞ্চলের ৩০ জন মহিলাকে নিয়ে এই পাইলট প্রজেক্টটি শুরু করেছে। যদি এটি সফল হয়ে ওঠে, তাহলে বিএসআরএম ইউপিপিআর-এর সঙ্গে এই কার্যক্রম দীর্ঘমেয়াদী পালন করে যাবে।

বিএসআরএম পরিবারের নতুন বিবাহিত স্টাফদের অভিনন্দন

মুনির আল সাইদ, ইন-চার্জ প্রসেস অডিট
এবং তার নবপরীণিতা ফাহমিদা আফরিন চৌধুরী

মো: আনোয়ার হোসেন, এসিএ, লিড ফিন্যান্স অডিট
এবং তার নবপরিনীতা ফারহানা সুলতানা, এসিএ

এসএম. জাহেদুল ইসলাম চৌধুরী, টিম মেম্বার আউটবাউন্ড
লজিস্টিক, এসসিএম এবং তার নবপরিণীতা নাইমা সুলতানা

আরিফুল ইসলাম, ইন-চার্জ কমপ্লিয়ান্স, ফিন্যান্স
এবং তার নবপরিণীতা সনজিদা আলম

উজ্জ্বল দাস, ইন-চার্জ কমপ্লিয়ান্স, টিম মেম্বার স্টোর,
সিপিএল এবং তার নবপরিণীতা শ্রাবণী দে

রাশেদুল হাসান চৌধুরী, টিম মেম্বার স্টোর,
সিপিসিএল এবং তার নবপরিণীতা নাসরিন সুলতানা

মো: ইমাম হোসেন, টিম মেম্বার এইচআর এবং আইআর,
বিএসআরএম মিল এবং তার নবপরিণীতা নাহিদা সুলতানা

মানিক দাশ, টিম মেম্বার সিএসডি, বিএসআরএম,
ওয়্যারহাউজ এবং তার নবপরিণীতা প্রিয়া দাশ

মোহাম্মদ নুরুল হাসান, টিম মেম্বার ওয়ার্কশপ, সাপ্লাই
চেইন এবং তার নবপরিণীতা সুলতানা রাজিয়া

কিশোর কুমার নাথ, টিম মেম্বার ভ্যাট, জঙ্গল গোডাউন, নারায়ণগঞ্জ এবং তার নবপরিণীতা শ্রী দেবী ভৌমিক

শক্তি প্রসাদ রক্ষিত, টিম মেম্বার ফিন্যানসিয়াল অডিট, ইনটারনাল অডিট এবং তার নবপরিণীতা তুলি চৌধুরী

Corporate Office Ali Mansion, 1207/1099 Sadarghat Road, Chittagong-4000, Bangladesh
Tel: +880 31 2854901-10, Fax: +880 31 610101, E-mail: mail@bsrm.com, Web: www.bsrm.com

Dhaka Corporate Office Mahbub Castle (1st, 2nd & 4th Floor), 35/A Purana Paltan Line, VIP Road, Dhaka-1000, Bangladesh
Tel: +880 2 8311994, 8313119, 8313135, 9344138, 9358135, Fax: +880 2 8312905, E-mail: dhaka@bsrm.com

FIND US AT: www.bsrm.com/newsletter, E-mail: newsletter@bsrm.com